

**অ্যাসাইনমেন্ট:** সূর্যের আলো ভূমি, নদীর পানি এগুলোর কোনটি সম্পদ বা সম্পদ নয় তা অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে বৈশিষ্ট্য উল্লেখ পূর্বক ব্যাখ্যা প্রদান এবং উৎপত্তির ভিত্তিতে সম্পদের শ্রেণিকরণ।

## এসএসসি পরীক্ষা ২০২১ অর্থনীতি ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট এর বাছাইকরা নমুনা উত্তর

অর্থনীতি বা অর্থশাস্ত্র সামাজিক বিজ্ঞান এর একটি শাখা যা পণ্য এবং সেবার উৎপাদন, সরবরাহ, বিনিময়, বিতরণ এবং ভোগ ও ভোক্তার আচরণ নিয়ে আলোচনা করে। সম্পদ সীমিত কিন্তু চাহিদা অফুরন্ত- এই মৌলিক পরিপ্রেক্ষিতে সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা অর্থনীতির প্রধান উদ্দেশ্য। অর্থনীতি শব্দটি ইংরেজি ‘Economics’ শব্দের প্রতিশব্দ। Economics শব্দটি গ্রিক শব্দ ‘Oikonomia’ থেকে উদ্ভূত যার অর্থ গৃহস্থালী পরিচালনা। এল.রবিন্স এর প্রদত্ত সংজ্ঞাটি বেশিরভাগ আধুনিক অর্থনীতির ক্ষেত্রে প্রযোজ্য। তিনি বলেন, “অর্থনীতি মানুষের অসীম অভাব ও বিকল্প ব্যবহারযোগ্য সীমিত সম্পদের সম্পর্ক বিষয়ক মানব আচরণ নিয়ে আলোচনা করে।” এল.রবিন্সের সংজ্ঞাটি বিশ্লেষণ করলে দেখা যায় যে এটি মানব জীবনের তিনটি মৌলিক বৈশিষ্ট্যের উপর প্রতিষ্ঠিত, যথা অসীম অভাব, সীমিত সম্পদ ও বিকল্প ব্যবহারযোগ্য সম্পদ।

### অর্থনৈতিক সম্পদের ধারণা:

অর্থনীতিতে সম্পদ হলো সেই সমস্ত জিনিস বা দ্রব্য, যেগুলো পেতে চাইলে অর্থ ব্যয় করতে হয়। সংক্ষেপে আমরা এই দ্রব্যগুলোকে অর্থনৈতিক দ্রব্যও বলে থাকে। যেমন- ঘরবাড়ি, আসবাবপত্র, টিভি ইত্যাদি দৃশ্যমান বস্তুগত সম্পদ এবং ডাক্তারের সেবা, শিক্ষকের পাঠদান ইত্যাদি অদৃশ্যমান বা অবস্তুগত সম্পদ। উল্লিখিত জিনিসগুলো পেতে চাইলে অর্থ ব্যয় করতে হবে। আমরা সবাই ‘সম্পদ’ শব্দটির সাথে কমবেশি পরিচিত। আমাদের প্রতিদিন আলোচনায় অনেকভাবে সম্পদ শব্দটি আসে। যেমন- সূজন সাহেব অনেক সম্পদের মালিক। একজন অর্থনীতিবিদের কাছে সব জিনিস সম্পদ নয়

### সম্পদের ৪টি বৈশিষ্ট্যের ব্যাখ্যা:

কোন জিনিসকে যদি অর্থনীতিতে সম্পদ বলতে হয় তবে তার চারটি বৈশিষ্ট্য থাকা আবশ্যিক। বৈশিষ্ট্যগুলো হলো:

- **উপযোগ:** উপযোগ বলতে বোঝায় কোনো দ্রব্যের মানুষের অভাব মেটানোর ক্ষমতা। কোন দ্রব্য সম্পদ হতে হলে সেই দ্রব্যের উপযোগ সৃষ্টির ক্ষমতা থাকতে হবে। উপযোগ নেই এমন দ্রব্য বা সেবা মানুষ অর্থ দিয়ে কিনে না।
- **অপ্রাচুর্যতা:** কোন দ্রব্য সম্পদ হতে হলে তার পরিমাণ ও যোগান সীমিত থাকবে। যেমন- নদীর পানি, বাতাস প্রভৃতির যোগান। এগুলো সম্পদ নয়। তবে শ্রম ব্যবহার করে পানিকে বোতলবন্দী করলে পানিসম্পদে পরিণত হয়। অন্যদিকে জমি, গ্যাস, যন্ত্রপাতি- এগুলো চাইলেই প্রচুর পাওয়া সম্ভব নয়। অর্থাৎ এগুলো আমাদের কাছে অপর্യാপ্ত দ্রব্য। তাই এগুলোও সম্পদ।
- **হস্তান্তরযোগ্যতা:** সম্পদের আরো একটি বৈশিষ্ট্য হলো এর হস্তান্তরযোগ্যতা। হস্তান্তরযোগ্য বলতে বুঝায় হাত বদল হওয়া। অর্থাৎ যে দ্রব্যের মালিকানা বদল বা পরিবর্তন করা যায়, তাই হলো সম্পদ। বিশ্বকবি

রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভাকে অর্থনীতির ভাষায় সম্পদ বলা যাবে না। কারণ তার প্রতিভাকে হস্তান্তর বা মালিকানা বদল করা সম্ভব নয়। আবার টিভির মালিকানা বদল করা যায় বলে টিভি সম্পদ।

- বাহ্যিকতা: যে সমস্ত দ্রব্য মানুষের অভ্যন্তরীণ গুণ বুম্বায় তা অর্থনীতির ভাষায় সম্পদ নয়। কেননা আমরা এর কোন বাহ্যিক অস্তিত্ব উপলব্ধি করতে পারি না। যেমন- কোন ব্যক্তির কম্পিউটারের উপর বিশেষ অভিজ্ঞতা বা জ্ঞান কিংবা কারো শারীরিক সৌন্দর্য বা চারিত্রিক গুণাবলীকে সম্পদ বলা যাবে না। তবে পুঁজিবাদী বাজার অর্থনীতিতে নানাভাবে এগুলোকেও বিক্রয়যোগ্য সম্পদে পরিণত করা সম্ভব।

### প্রদত্ত তিনটি বস্তু চিহ্নিতকরণ:

সূর্যের আলো, ভূমি ও নদীর পানির এ তিনটির মধ্যে শুধুমাত্র ভূমি এবং নদীর পানি হচ্ছে সম্পদ। প্রকৃতির কাছ থেকে পাওয়া যেসব দ্রব্য মানুষের প্রয়োজন মেটায়, তাকে প্রাকৃতিক সম্পদ বলে। যেমন- ভূমি, বনভূমি, খনিজ সম্পদ, নদ-নদী ইত্যাদি। অর্থাৎ অর্থনৈতিক ভাষায় ভূমি এবং নদী হচ্ছে সম্পদ; আর সূর্যের আলো কোন সম্পদ নয়।

### উৎপত্তির ভিত্তিতে সম্পদের শ্রেণীকরণ:

উৎস বা উৎপত্তির দিক থেকে সম্পদ তিন প্রকার। যথা-

1.
  1. প্রাকৃতিক সম্পদ: প্রকৃতির কাছ থেকে পাওয়া যেসব দ্রব্য মানুষের প্রয়োজন মেটায়, তাদের প্রাকৃতিক সম্পদ বলে। যেমন- ভূমি, বনভূমি, খনিজ সম্পদ, নদ-নদী ইত্যাদি।
  2. মানবিক সম্পদ: মানুষের বিভিন্ন প্রকার যোগ্যতা ও দক্ষতাকে মানবিক সম্পদ বলা হয়। যেমন- শারীরিক যোগ্যতা, প্রতিভা, উদ্যোগ, দক্ষতা, সাংগঠনিক ক্ষমতা ইত্যাদি মানবিক সম্পদ।
2. উৎপাদিত সম্পদ: প্রাকৃতিক ও মানবিক সম্পদ কাজে লাগিয়ে যে সম্পদ সৃষ্টি করা হয়, তাকে উৎপাদিত সম্পদ বলা হয়। যেমন- কাঁচামাল, যন্ত্রপাতি, কলকারখানা, যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা, শিক্ষাপ্রতিষ্ঠান, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি মানুষ তৈরি করে বলে এগুলো উৎপাদিত সম্পদ।

এই ছিল তোমাদের জন্য প্রণীত এসএসসি পরীক্ষা ২০২১ অর্থনীতি ৩য় সপ্তাহের এ্যাসাইনমেন্ট এর বাছাইকরা নমুনা উত্তর